J-01182

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL A 732435

Certified that the document is admitted to registration. The signature sheets and the endorsement sheets attached with this documents are the part of this document.

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)

16 APR 2013

:: দা ন প ত্র দ লি ল ::

।। সম্পত্তির মূল্য মং- ১০,০০,০০০ দশ লক্ষ টাকা ।।

**********************************************************

দানপত্র গ্রহীতা :—

শ্রী সাগর চন্দ্র, পিতা- স্বর্গীয় মোহন চন্দ্র, সাং- নারায়ণপুর, তেঁতুলতলা (রবীতীর্থ), পোঃ- রাজারহাট গোপালপুর, থানা- এয়ারপোর্ট, কলকাতা- ৭০০১৩৬, জেলা- উত্তর ২৪ পরগণা, জাতীয়তা- ভারতীয়, ধর্ম্ম- হিন্দু, পেশা- ব্যবসা।

দানপত্র দাতা....

স্ট্যাম্প ভেন্ডার স্বাক্ষর
মোট কত টাকা খরিদ
বারাকপুর ভেন্ডার মিতা দত্ত

1 MAR 2013

Sagar Chandra

V. E. T. I.

842

Sagar Chandra

V. E. T. I.

843

Seal of the Additional District Sub Registrar
অতিরিক্ত জেলা অবর নিবন্ধকের সীলমোহর
সত্যমেব জয়তে
Bidhannagar, North 24 Pgs.
বিধাননগর, উত্তর ২৪ পরগনা

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)

12 APR 2013

দানপত্র দাতা ঃ—

শ্রীমতী বীনাপানি দাসী (দাস), পিতা- স্বর্গীয় হরিচরণ দাস, সাং- নারায়ণপুর, তেঁতুলতলা (রবীতীর্থ), পোঃ- রাজারহাট গোপালপুর, থানা- এয়ারপোর্ট, কলকাতা- ৭০০১৩৬, জেলা- উত্তর ২৪ পরগণা, জাতীয়তা- ভারতীয়, ধর্ম্ম- হিন্দু, পেশা- গৃহস্থালী।

কস্য সম্পূর্ণ মুক্তাবস্থায় স্থাবর সম্পত্তির দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা- উত্তর ২৪ পরগণা, থানা- রাজারহাট বর্তমানে এয়ারপোর্ট ও এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস বিধান নগর পরগণা কলিকাতা ও রাজারহাট গোপালপুর পৌরসভার ৬ নং ওয়ার্ডের অন্তর্গত সাবেক ২৯৯৮ নং তৌজির হাল ১০ নং তৌজি ভুক্ত মৌজা- গোপালপুর গ্রামে বর্তমান মালিক জমিদার পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণার কালেকটার বাহাদুর অধিকারে প্রজার হাল ১৭৯ নং খতিয়ানে ভুক্ত ২৩ শতক জমির বার্ষিক খাজনা ২ টাকা জমা জমির মধ্যে সাবেক ৩৩৩০ নং দাগের হাল ২৩২৮ নং দাগের জমি ও উক্ত গোপালপুর মৌজার হাল ৩৫৩ নং খতিয়ানে ভুক্ত ১৫ শতক জমির বার্ষিক খাজনা ১। এক টাকা চার আনা জমা জমির মধ্যে সাবেক ৩৩২৯ নং দাগের হাল ২৩২৭ নং দাগের জমি ও উক্ত গোপালপুর মৌজার হাল ১২৫৭ নং খতিয়ানে ভুক্ত ৪৫ শতক জমির বার্ষিক খাজনা ২ টাকা জমা জমির মধ্যে সাবেক ৩৩২৭ নং দাগের হাল ২৩২৫ নং দাগের জমি অত্র দানপত্রের দাতা আমার পিতা হরিচরণ দাস মহাশয় খরিদ সূত্রে প্রাপ্ত হইয়া গত রিভিসন্যাল সেটেলমেন্ট জরীপে উক্ত হাল ১৭৯, ৩৫৩ ও ১২৫৭ নং খতিয়ানে

উহার....

উহার নিজ নাম বরাবরে রেকর্ড ভুক্ত করাইয়া লইয়া মালিকের করাদী আদায়ে খাসে ভোগদখল করিতে থাকাবস্থায় বিগত ইংরাজী ১৫/১২/১৯৬৯ তারিখে কাশীপুর দমদম সাব রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১২৪ নং ভল্যুমের ১ হইতে ৫ নং পাতায় নকলকৃত ৭৯০০ নং রেজিষ্ট্রীকৃত এককেতা দানপত্র দলিল দ্বারা উক্ত হাল ১৭৯ নং খতিয়ানে ভুক্ত হাল ২৩২৮ নং দাগে ২৩ শতক জমির মধ্যে ৮.৯০ শতক জমি বা বাংলা মাপে কমবেশী ৫-৬-২৭' পাঁচ কাঠা ছয় ছটাক সাতাশ বর্গফুট জমি ও হাল ৩৫৩ নং খতিয়ানে ভুক্ত হাল ২৩২৭ নং দাগে ১৫ শতক জমির মধ্যে ৯.১০ শতক জমি বা বাংলা মাপে কমবেশী ৫-৯-০ পাঁচ কাঠা নয় ছটাক জমি ও হাল ১২৫৭ নং খতিয়ানে ভুক্ত হাল ২৩২৫ নং দাগে ৪৫ শতক জমির মধ্যে ০.৩০ শতকাংশ জমি বা বাংলা মাপে কমবেশী ০-২-১৮' দুই ছটাক আঠার বর্গফুট জমি সর্ব্বমোট তিনটি দাগে ১৮.৩০ শতক জমি বা বাংলা মাপে কমবেশী ১১-২-০ এগার কাঠা দুই ছটাক জমি অত্র দানপত্রের দাতা আমাকে দান করিয়া এককালীন চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হন।

ও উক্ত গোপালপুর মৌজার হাল ২৩২৫ নং দাগের জমির মধ্যে কমবেশী ৩.৫৮ শতক জমি আমি আমার পিতা উক্ত হরিচরণ দাস মহাশয়ের ওয়ারেশ সূত্রে কন্যা বিধায় প্রাপ্ত হই।

উপরোক্ত রূপে দাতা আমি গোপালপুর মৌজার হাল ২৩২৫ নং দাগের জমির মধ্যে দানপত্র দলিল মূলে ০.৩০ ত্রিশ শতকাংশ জমি ও পৈত্রিক ওয়ারেশ সূত্রে ৩.৫৮ শতক জমি মোট ৩.৮৮ তিন শতক অষ্ট আশি শতকাংশ জমি ও হাল ২৩২৭ নং

দাগের....

④

দাগের জমির মধ্যে দানপত্র দলিল মূলে ৯.১০ নয় শতক দশ শতকাংশ জমি ও হাল ২৩২৮ নং দাগের জমির মধ্যে দানপত্র দলিল মূলে ৮.৯০ আট শতক নব্বই শতকাংশ জমি সর্ব্বমোট তিনটি দাগের জমির মধ্যে ২১.৯৮ একুশ শতক আটানব্বই শতকাংশ জমি দানপত্র দলিল মূলে ও পৈত্রিক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া বর্তমান এল. আর. জরীপে ২০০৪ নং খতিয়ানে আমার নিজ নাম বরাবরে রেকর্ড ভুক্ত করাইয়া লইয়া মালিকের করাদী আদায়ে খাজনার দাখিলা গ্রহণে পৌরসভার ট্যাক্সাদী আদায়ে উক্ত জমির উপর কাঁচা গৃহাদী নির্ম্মাণ করিয়া বসবাসের দ্বারা খাসে ভোগদখলকারিনী আছি। যাহা আমার দান করিবার যোগ্য উত্তম নির্ব্যূঢ় স্বত্বাধিকার বর্তমানে আছে।

বর্তমানে আমার বয়স প্রায় ৭২ বৎসর হইবে, শরীর নানা রোগে আক্রান্ত হইয়া দিন দিন অবসন্ন হইয়া আসিতেছে, জীবন ক্ষণস্থায়ী, কখন যে জীবনের অবসান ঘটে তাহার কোন নিশ্চয়তা নাই, বর্তমানে আমি তোমার সংসার ভুক্ত হইয়া দিন যাপন করিতেছি, আমি বিবাহ করি নাই, অত্র দলিলের গ্রহীতা তুমি আমার ভগিনীর নাতি অর্থাৎ আমারও নাতি হইতেছ। তুমি আমাকে অতি যত্ন আত্মি সহকারে মাতার ন্যায় তোমার সংসার ভুক্ত করিয়া রাখিয়াছ। আমার যাবতীয় সুখ স্বাচ্ছন্দ্য, ডাক্তার, ঔষধ পথ্যের সর্ব্বদা ব্যবস্থা করিয়া থাক। আমার বিপদে আপদে তুমি সর্ব্বদা আমার পাশে থাক ও সর্ব্বপ্রকার সাহায্য কর, আশা করি ভবিষ্যতে তুমি একই ব্যবহার করিবে তোমার ব্যবহারে আমি পরম প্রীত ও সন্তুষ্ট হইয়া ও তোমার ভবিষ্যত জীবনের কথা চিন্তা করিয়া ও আমার অংশের সম্পত্তির একটি সুবন্দোবস্ত করা প্রয়োজন মনে করিয়া নিম্নে তপশীলে বর্ণিত কমবেশী ৭.৩২ সাত শতক বত্রিশ

শতকাংশ....

৫

শতকাংশ জমি মায় ১০০ বর্গফুট কাঁচা গৃহাদী সমেত জমি যাহার আনুমানিক মূল্য মং- ১০,০০,০০০ দশ লক্ষ টাকা হইবে তাহা অত্র দানপত্র দলিল দ্বারা তোমার নাম বরাবরে লিখিয়া ও রেজিষ্ট্রী করিয়া দিয়া উক্ত জমি মায় গৃহাদী হইতে এককালীন চিরনিঃস্বত্বা ও দখলচ্যুতা হইলাম। উক্ত জমি মায় গৃহাদীতে আমার যাহা কিছু হক হকিয়তের স্বত্ব স্বামীত্ব দখল অধিকার দাবী দাওয়া লাভ লভ্য সংশ্রব ছিল বা আছে তৎসমুদয় অত্র দানপত্র দলিলের বলে আমার হইতে রদ ও রহিত হইয়া অদ্য হইতে তোমার অনুকূলে বর্তিল। অদ্য হইতে তুমি আমার নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান, ভোগবান ও দখলে দখলকার হইয়া মালিকের নির্দ্ধারিত করাদী আদায়ে খাজনার দাখিলা গ্রহণে পৌরসভার ট্যাক্সাদী আদায়ে আমার নামের পরিবর্তে তোমার নিজ নাম পত্তন করতঃ দান বিক্রয়ের মালিক দখলকার হইয়া পুত্র পৌত্রাদী ওয়ারেশান গণক্রমে উক্ত জমি মায় গৃহাদীতে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগদখল করিতে থাক। উক্ত জমি মায় গৃহাদীতে কস্মিনকালে আমি বা আমার ওয়ারেশান গণক্রমে কেহ কোন প্রকার ওজর আপত্তি ও দাবী দাওয়া করিতে পারিব না বা কেহ পারিবেক না। যদি করি কিংবা কেহ করে তাহা অত্র দানপত্রের বলে সর্ব্বত্র সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

উক্ত জমি মায় গৃহাদী আমি ইতিপূর্ব্বে অন্য কোনপ্রকার দায়সংযোগ বা হস্তান্তর করি নাই বা কাহারও নামে বেনাম করি নাই বা ঋণের দায়ে কোথাও আবদ্ধ রাখি নাই বা বিক্রয়ের চুক্তিতে কাহারও নিকট হইতে বায়না গ্রহণ করি নাই বা কোন মামলা মোকর্দ্দমার বিষয়ীভুক্ত সম্পত্তি নহে বা সরকার কর্ত্তৃক ভেষ্টেড, এ্যাকুইজিশান

বা....

বা রিকুইজিশান হয় নাই। সম্পূর্ণ মুক্তাবস্থায় আমার খাস দখলে থাকারস্থায় অত্র দানপত্র দলিল দ্বারা তোমাকে দান করিলাম।

যদি ভবিষ্যতে আমার কোন প্রকার গোপন কৃতকার্য্যের দোষে অত্র দলিলের ভুল ত্রুটি প্রকাশ পায় বা তোমার স্বত্ব দখল ব্যবহারে কোন প্রকার বাধা বিঘ্ন ঘটে বা ক্ষয় ক্ষতি হয় তাহা হইলে আমি মায় ওয়ারেশানগণক্রমে পুনঃরায় ভ্রম সংশোধন দলিল বা নতুন দলিল করিয়া দিতে বাধ্য থাকিলাম ও থাকিবেক।

এতদর্থে দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া সুস্থ শরীরে, সরল মনে, স্বজ্ঞানে, স্বেচ্ছায়, অন্যের বিনানুরোধে, অত্র দানপত্র দলিলে সহি সম্পাদন করিলাম। ইতি সন বাংলা ১৪১৯ সালের ২৮শে চৈত্র ইংরাজী ২০১৩ সালের ২২ এপ্রিল।

-ঃঃ তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তির পরিচয় ঃঃ-

১) জেলা- উত্তর ২৪ পরগণা, থানা- এয়ারপোর্ট ও এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস বিধান নগর পরগণা কলিকাতা ও রাজারহাট গোপালপুর পৌরসভার ৬ নং ওয়ার্ডের অর্ন্তগত সাবেক ২৯৯৮ নং তৌজির হাল ১০ নং তৌজি ভুক্ত মৌজা- গোপালপুর গ্রামে জে. এল. নং- ২, রে. সা. নং- ১৪০ প্রজার হাল ১৭৯ নং খতিয়ানে ভুক্ত ২৩ শতক জমির বার্ষিক খাজনা ২\ টাকা জমায় ও বর্তমান এল. আর জরীপে ২০০৪ নং খতিয়ানে আমার নিজ নামীয় রেকর্ডীয় হালে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট।

সাবেক....

(৭)

সাবেক ৩৩৩০ নং দাগের হাল (আর. এস.) ২৩২৮ তেইশ শত আঠাশ নং দাগে বাগান ২৩ শতক জমির মধ্যে আমার দানপত্র মূলে প্রাপ্ত তৎপর নিজ নামীয় রেকর্ডীয়০৯ শতক জমির অবিভক্ত ১/৩ অংশে ০৩ তিন শতক জমি। হারাহারী খাজনা ২৬ পয়সা মাত্র।

২) থানা, মৌজা, তৌজি ঐ প্রজার হাল ৩৫৩ নং খতিয়ানে ভুক্ত ১৫ শতক জমির বার্ষিক খাজনা ১।৹এক টাকা চার আনা জমায় ও বর্তমান এল. আর. জরীপে ২০০৪ নং খতিয়ানে আমার নিজ নামীয় রেকর্ডীয় হালে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট।

সাবেক ৩৩২৯ নং দাগের হাল (আর. এস.) ২৩২৭ তেইশ শত সাতাশ নং দাগে বাস্তু ১৫ শতক জমির মধ্যে আমার দানপত্র মূলে প্রাপ্ত তৎপর নিজ নামীয় রেকর্ডীয় ৯.১০ শতক জমির অবিভক্ত ১/৩ অংশে কমবেশী ৩.০৩ তিন শতক তিন শতকাংশ জমি। হারাহারী খাজনা ২৬ পয়সা মাত্র।

৩) থানা, মৌজা, তৌজি ঐ প্রজার হাল ১২৫৭ নং খতিয়ানে ভুক্ত ৪৫ শতক জমির বার্ষিক খাজনা ২৲টাকা জমায় ও বর্তমান এল. আর. জরীপে ২০০৪ নং খতিয়ানে আমার নিজ নামীয় রেকর্ডীয় হালে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট।

সাবেক ৩৩২৭ দাগের হাল (আর. এস.) ২৩২৫ তেইশ শত পঁচিশ নং দাগে বাস্তু ৪৫ শতক জমির মধ্যে আমার দানপত্র মূলে প্রাপ্ত ও পৈত্রিক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত তৎপর নিজ নামীয় রেকর্ডীয় ৩.৮৮ শতক জমির অবিভক্ত ১/৩ অংশে কমবেশী ১.৩০ এক শতক ত্রিশ শতকাংশ জমি। হারাহারী খাজনা ৫ পয়সা মাত্র।

সর্ব্বমোট....

সর্ব্বমোট তিনটি তপশীলে ভুক্ত তিনটি দাগের জমির মধ্যে কমবেশী ৭.৩৩ সাত শতক তেত্রিশ শতকাংশ জমি মায় উক্ত জমির উপর ১০০' বর্গফুট কাঁচা গৃহাদী সমেত জমি মায় উক্ত জমিতে যাতায়াতের জন্য ৬' ফুট প্রশস্থ কমন প্যাসেজের বর্ত্মস্বত্ব সমেত জমি মায় যাবতীয় ইজমেন্ট রাইট সমেত জমি মায় গৃহাদী অত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে। দানকৃত সম্পত্তি গোপালপুর তেঁতুলতলা এলাকা ভুক্ত হইতেছে।

গ্রহীতা আমি অত্র দলিলের দান সানন্দে গ্রহণ করিলাম।

মুসাবিদাকারক ঃঃ-

শ্রী সুধীর কুমার নস্কর
সাং-শিখরপুর, রাজারহাট
লাইসেন্স নং-DW-XVI-24.
এ.ডি.এস.আর.ও বিধাননগর

---

টাইপকারক ঃঃ-

সুদীপ প্রধান
সাং - দশদ্রোণ, কলকাতা-১৩৬

।। ইসাদী ।।

১।

২। Kamal Mandal
Narayanpur
KOL - 136

## Government Of West Bengal

Office Of the A.D.S.R. BIDHAN NAGAR
District:-North 24-Parganas

### Endorsement For Deed Number : I - 01182 of 2013
(Serial No. 01251 of 2013 and Query No. L000002085 of 2013)

**On 12/04/2013**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 18.36 hrs. on :12/04/2013, at the Private residence by Sagar Chandra ,Claimant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 12/04/2013 by

1. Binapani Dasi ( Das), daughter of Lt. Hari Charan Das , Narayanpur Tentultala ( Rabi Tirtha), Kolkata, Thana -Airport, P.O. :-R- Gopalpur, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700136, By Caste Hindu, By Profession : House wife
2. Sagar Chandra, son of Lt. Mohan Chandra , Narayanpur Tentultala ( Rabi Tirtha), Kolkata, Thana -Airport, P.O. :-R- Gopalpur, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700136, By Caste Hindu, By Profession : Business

Identified By Souvik Maitra, son of J. Maitra, Debi Park, Gopalpur, Kolkata, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700136, By Caste: Hindu, By Profession: Business.

( Saikat Patra )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

**On 16/04/2013**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33(ii), 4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 19836.00/-, on 16/04/2013

( Under Article : A(1) = 19822/- ,E = 14/- on 16/04/2013 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-18,02,527/-

Certified that the required stamp duty of this document is Rs.- 108172 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty

...dl. District Sub-Registrar
...dhannagar (Salt Lake City)

... APR 2013

( Saikat Patra )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

Government Of West Bengal
Office Of the A.D.S.R. BIDHAN NAGAR
District:-North 24-Parganas

## Endorsement For Deed Number : I - 01182 of 2013
(Serial No. 01251 of 2013 and Query No. L000002085 of 2013)

1. Rs. 5172/- is paid , by the draft number 578825, Draft Date 13/04/2013, Bank : State Bank of India, Rajarhat Township, received on 16/04/2013
2. Rs. 49000/- is paid , by the draft number 578822, Draft Date 13/04/2013, Bank : State Bank of India, Rajarhat Township, received on 16/04/2013
3. Rs. 49000/- is paid , by the draft number 578823, Draft Date 13/04/2013, Bank : State Bank of India, Rajarhat Township, received on 16/04/2013

( Saikat Patra )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

Seal of the Additional District Sub Registrar, Bidhannagar

APR 2013


Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)

( Saikat Patra )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

THE
NT/
SELLER/
AIMENT
PHOTO

# UNDER RULE 44A OF THE I.R. ACT 1908

N.B. - LH BOX-SMALL TO THUMB PRINTS
R.H. BOX- THUMB TO SMALL PRINTS



LH.

RH.



[illegible]

TTESTED :- [illegible]



LH.

RH.



[illegible] Chandra

ATTESTED :- Sagar Chandra

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | LH. | | | | | |
| | RH. | | | | | |

ATTESTED :-

Seal of the Additional District Sub Registrar * বিধাননগর, উত্তর ২৪পরগনা * Bidhannagar, North 24 Pgs. *

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)